

দলিল রেজিস্ট্রেশনে আপত্তি অভিযোগের দরখাস্ত

আইন অনুসারে, রেজিস্ট্রেশন করন বা না-করন সংক্রান্ত কোন অভিযোগের দরখাস্ত রেজিস্ট্রি অফিসে দেয়া যায় না। দলিল রেজিস্ট্রি করা বা না-করা সম্পূর্ণ সাব-রেজিস্ট্রারের এখতিয়ার। সাব-রেজিস্ট্রার আইন অনুসারে এ বিষয়ে সিদ্ধান্ত নিবেন। তবে দলিল রেজিস্ট্রির পর কোন পক্ষ ক্ষতিগ্রস্ত হলে তিনি আদালতের আশ্রয় নিতে পারেন।

নিবন্ধন ম্যানুয়াল ২০১৪, এর ৬ষ্ঠ খন্ডের ৪২ অনুচ্ছেদে বলা হয়েছে- আইন ও বিধির অধীন দলিল সমূহের গ্রহণযোগ্যতা নির্ধারণ করা স্বয়ং নিবন্ধনককারী কর্মকর্তার কর্তব্য। অতএব নিবন্ধীকরনে আপত্তি বিবেচনায় নেওয়া হইবে না। তবে যদি আপত্তির আবেদনপত্র দাখিল করা হইয়া থাকে, তাহা হইলে, উহাতে “আপত্তিকারী যেরূপ উপযুক্ত মনে করেন, সেইরূপ আইনসম্মত পদক্ষেপ গ্রহন করিতে পারিবেন” মর্মে পৃষ্ঠাঙ্কনসহ উক্ত আবেদনপত্র ফেরৎ প্রদান করিতে হইবে।